# নবী (সা.) এর ছলাত সম্পাদনের পদ্ধতি

বিভাগ/অধ্যায়ঃ সালাত বিষয়ে বিস্তারিত

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ নাছিরুদ্দিন আলবানী (রহ.)

وجوب الطمانية في السجود সাজাদায় ধীরস্থিরতা অবলম্বন অপরিহার্য

নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) রুকু ও সাজদাহ পূর্ণাঙ্গরূপে আদায় করার নির্দেশ দিতেন এবং যে ব্যক্তি তা করতনা তাকে ক্ষুধার্ত ব্যক্তির সাথে তুলনা করতেন যে দু’একটি খেজুর খায়, তাতে মোটেও তার ক্ষুধা দূর হয় না। এহেন এমন লোক সম্পর্কে তিনি বলতেনঃ

إنه من أسوأ الناس سرقة

এ হচ্ছে নিকৃষ্টতম চোর। যে ব্যক্তি রুকু ও সাজদায় স্বীয় মেরুদণ্ডকে সোজা করে না তিনি তার ছালাত বাতিল বলে ফায়ছালা দিতেন। বিস্তারিত ব্যাখ্যা রুকু অধ্যায়ে অতিবাহিত হয়েছে এবং সাজদায় স্থিরতা অবলম্বনের ক্ষেত্রে ছালাতে ত্রুটিকারীকে তিনি যে নির্দেশ দিয়েছিলেন তাও এই অধ্যায়ের শুরুতে উল্লেখ হয়েছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8158

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন